দৈনিক সংবাদ

তারিখ ... APR. 1 0 1999
পৃষ্ঠা: ৬ কলাম 2

# পটুয়াখালীতে কৃষি কলেজের অধ্যাপককে হত্যার চেষ্টা

পটুয়াখালী, ৯ এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।— দিনাজপুরের হাজী দানেশ কৃষি কলেজের সহযোগী অধ্যাপক নিজামউদ্দিনকে কতিপয় দুর্বৃত্ত পরিকল্পিতভাবে গতকাল বৃহস্পতিবার রাত ১২টার দিকে উপর্যুপরি কুপিয়ে গুরুতর আহত করেছে। অধ্যাপক নিজামউদ্দিনের জবানবন্দি গ্রহণ করে মুমূর্ষু অবস্থায় তাকে বরিশাল মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ একজন প্রকৌশলীসহ ৪ জনকে গ্রেফতার করেছে। নিজামউদ্দিন ঈদের ছুটিতে বাড়ি এসেছিলেন।

ঘটনাটি ঘটেছে অধ্যাপক নিজামউদ্দিনের বাউফল বন্দরের বাসভবনে। পারিবারিক সূত্রে জানা গেছে, রাত ১২টার দিকে রান্নাঘরে মানুষের অবস্থান টের পেয়ে সে দরজা খুলে বারান্দায় বের হওয়ার সাথে সাথে কতিপয় দুর্বৃত্ত নিজামউদ্দিনের পেটে ছুরিকাঘাত করলে তার 'ভুঁড়ি' বেরিয়ে যায় এবং সে মাটিতে লুটিয়ে পড়ে। পরে দুর্বৃত্তরা তার শরীরের বিভিন্ন অংশে এলোপাতাড়ি কোপায়। এসময় ঘরের লোকজনের চিৎকারে আশপাশের লোকজন ছুটে আসে। নিজামউদ্দিনকে প্রথমে বাউফল স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয় এবং পরে বরিশাল মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানোর পূর্বে তিনি বাউফল থানা পুলিশের কাছে জবানবন্দি দেন। পুলিশ জবানবন্দি মোতাবেক ঘটনার সাথে জড়িত থাকার সন্দেহে নিজামউদ্দিনের প্রতিবেশী দশমিনা থানা এলজিইডি'র উপ-সহকারী প্রকৌশলী মোঃ হানিফ মিয়া, তার ছেলে আনিসুর রহমান, ভাই ফিরোজ মাহামুদ ও শ্যালক আবুল বাশারসহ ৪ জনকে গ্রেফতার করেছে। প্রকৌশলী হানিফ মিয়ার অপর দুই ছেলে মশিউর এবং মেজবাহ পলাতক রয়েছে।

এলাকাবাসী জানায়, অধ্যাপক নিজামউদ্দিনের সাথে তার প্রতিবেশী হানিফ মিয়ার জমিজমা নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল।